



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা- ১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০২৪.৩৪.০০৬.১৯- ৩৩৮

তারিখঃ ১০/০৫/২০২০খ্রিঃ

বিষয়ঃ বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অধীনে ২০১৯-২০২০ অর্থ বছরে 'গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্পের আওতায় গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া ও টুংগীপাড়া উপজেলায় ২য় বার আহ্বানকৃত দরপত্রের আওতাধীন প্রকল্পের অনুকূলে চলতি বিল বাবদ অর্থ ছাড় প্রসঙ্গে।

সূত্রঃ অর্থ বিভাগ, বাজেট অধিশাখা- ১১ এর পত্র নং- ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২- ৫১৮, তারিখঃ ২০/০৬/২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের অধীনে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের আওতায় 'গ্রামীণ মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষ্যে হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ অর্থ বছরে গোপালগঞ্জ জেলার কোটালীপাড়া ও টুংগীপাড়া উপজেলায় ২য় বার আহ্বানকৃত দরপত্রের আওতাধীন ৩৯.৭১৪ কি.মি.স এইচবিবি রাস্তা বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত প্রকল্পসমূহের বাস্তব কাজের অগ্রগতি বিবেচনায় চলতি বিল বাবদ ০৫ নং অনুচ্ছেদে তালিকাভুক্ত উপজেলা পার্শ্ব বর্ণিত মোট ৩৩৫.০০ লক্ষ (তিন কোটি পঁয়ত্রিশ লক্ষ) টাকা এতদ্বারা ছাড় করা হলো। উক্ত ছাড়কৃত অর্থ চূড়ান্ত ব্যয়ের সাথে সমন্বয় করা হবে। উল্লেখ্য, ছাড়কৃত অর্থ শুধুমাত্র ২য় বারের আহ্বানকৃত দরপত্রের আওতায় বাস্তবায়নধীন প্রকল্পসমূহের বিপরীতে ব্যয় করতে হবে।

০২। ছাড়কৃত অর্থ হতে সংশ্লিষ্ট ঠিকাদারকে বিল প্রদানের ক্ষেত্রে নির্ধারিত প্রকল্পের কাজের অগ্রগতি বিবেচনায় অগ্রাধিকার দিতে হবে। উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাগণকে তাঁদের অনুকূলে ছাড়কৃত অর্থ হতে যৌথ স্বাক্ষরে বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ক্ষমতা প্রদান করা হলো। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রকল্পের অনুমোদিত ডিপিপি ও পিপিআর- ২০০৮ (সংশোধিতসহ) অনুযায়ী এ অর্থ ব্যয় করবেন।

০৩। এ ব্যয় চলতি ২০১৯-২০২০ অর্থ বছরের উন্নয়ন বাজেট ব্যয় বিভাজন এর প্রকল্প কোড নং- ১৪৯-০২-২২৩০৩৫৮০০ অধীনে "গ্রামীণ সড়ক" ৪১১১৩ বাজেট খাতভুক্ত অর্থনৈতিক কোড- ৪১১১৩০৪ এর হিসাব খাতের বিপরীতে ব্যয় নির্বাহ করা হবে। ব্যয়িত অর্থের হিসাব নিরীক্ষার নিমিত্তে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিধি মোতাবেক প্রয়োজনীয় কাগজ পত্র সংরক্ষণ করবেন। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তাকে নিরীক্ষার নিমিত্তে সংশ্লিষ্ট উপজেলা বরাবরে অথরিটি প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৪। ছাড়কৃত/ মঞ্জুরীকৃত অর্থ হতে প্রচলিত বিধি মোতাবেক ভ্যাট/ আয়কর কর্তনযোগ্য। উল্লেখ্য ৩০ জুন, ২০২০ খ্রিঃ তারিখের পর প্রকল্পের অব্যয়িত/ অনুত্তোলিত সমুদয় অর্থ তামাদি হয়ে যাবে। কোন বিশেষ কারণে প্রকল্পের অর্থ ৩০ জুন, ২০২০ খ্রিঃ এর পর অব্যয়িত/ অনুত্তোলিত থাকলে তা ০৭ জুলাই, ২০২০ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা হিসাবরক্ষণ অফিসারের প্রত্যয়নসহ নিম্ন স্বাক্ষরকারীর বরাবর সমর্পণ করতে হবে।

০৫। উপজেলার নাম ও ছাড়কৃত টাকার পরিমাণ নিম্নরূপঃ (অংকসমূহ লক্ষ টাকায়)

জেলা	ক্রঃ নং	উপজেলা	উপজেলা iBAS++ কোড নং	টাকার পরিমাণ
১	২	৩	৪	৫
গোপালগঞ্জ	১	কোটালীপাড়া	২২৩০৩৫৮০০ ১৩১৬৭২	২৩৫.০০
	২	টুংগীপাড়া	২২৩০৩৫৮০০ ১৩১৬৭৪	১০০.০০
মোট =				৩৩৫.০০

৩০/০৪/২০২০

সংযুক্তিঃ

(দীপক রঞ্জন অধিকারী)

(যুগ্ম-সচিব)

প্রকল্প পরিচালক

'হেরিং বোন বন্ড (এইচবিবি) করণ (২য় পর্যায়)' প্রকল্প

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

ফোনঃ ০২-৮৮৩২৩৩৫

১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।

২। উপজেলা নির্বাহী কর্মকর্তা,, জেলাঃ

৩। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,, জেলাঃ

অনুলিপিঃ

- ১। সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (পরিকল্পনা ও উন্নয়ন), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
- ৫। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
- ৭। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, গোপালগঞ্জ।
- ৮। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, গোপালগঞ্জ।
- ৯। উপজেলা হিসাবরক্ষণ অফিসার,, জেলাঃ গোপালগঞ্জ।
- ১০। সংরক্ষণ নথি।

মোঃ জিয়াউর রহমান খান)
উপ-প্রকল্প পরিচালক
'হেরিং বোন বন্ড (এইচবিবি) কর্তৃক (২য় পর্যায়)' প্রকল্প
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর।
ফোনঃ ০২-৮৮৩২৩৩৬